গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৪.১৯-০১

তারিখঃ ১৯ পৌষ ১৪২৭ / ০৩ জানুয়ারি ২০২১

বিষয়ঃ মহামান্য সুপ্রীম কোর্টের আপিল নং-২২৬৪/২০১৭ মামলার ১৩/০৯/২০২০ খ্রি. তারিখের আদেশ এবং রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলায় ১৬/১১/২০২০ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমদীয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা'র অধ্যক্ষ জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-এর নিকট দায়িত্ব হস্তান্তরসহ ফেব্রুয়ারী/২০২০ মাস হতে বন্ধকৃত এমপিও (বকেয়াসহ) চালুকরণ সংক্রান্ত।

সূত্র:

| | | |
|---|---|---|
| (১) | ইআবি'র স্মারক নং- ইআবি/রেজি/প্রশা:/ফা.গ.ব/র-১২১/২০১৬/২০৬৭, | তারিখ: ২৮/০৩/২০১৭ খি:। |
| (২) | ইআবি'র স্মারক নং- ইআবি/রেজি/প্রশা:/২০১৫/৪০৭৩, | তারিখ: ০১/১১/২০১৭ খি:। |
| (৩) | ইআবি'র স্মারক নং- ইআবি/রেজি/প্রশা:/ফা.গ.ব/র-১২১/২০১৬/১০০৮৩, | তারিখ: ৩১/১০/২০১৯ খি:। |
| (৪) | ইআবি'র স্মারক নং- ইআবি/রেজি/প্রশা:/ফা.গ.ব/র-১২১/২০১৬/২০৯, | তারিখ: ২৪/০২/২০২০ খি:। |
| (৫) | শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪, | তারিখ: ০৬/০৮/২০১৭ খ্রি:। |
| (৬) | অধ্যক্ষ, ভাংনী আহমদীয়া ফাযিল মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর এর আবেদন | তারিখ: ১২/০৮/২০২০ খ্রি:। |
| (৭) | শিক্ষা মন্ত্রণালয়র স্মারক নং-শিম/শা ১১/৩-৯/২০১১/২৫৬, | তারিখ: ০৬/০৬/২০১১ খ্রি. |
| (৮) | শিক্ষা মন্ত্রণালয়র স্মারক নং-শিম/শা ১১/৩-৯/২০১১/৪৮৪, | তারিখ: ০৯/০৭/২০১২ খ্রি. |

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমদীয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা'য় জনাব মো: মাকছুদুর রহমান জামেলী গত ০৮/১০/১৯৯৮ খ্রি. তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। তাঁর এমপিও ইনডেক্স নং-৩৮০০৬৬। অধ্যক্ষ পদে দায়িত্ব পালনরত অবস্থায় গত ২৪/০৭/২০১৬খ্রি. তারিখে তৎকালীন গভর্নিং বডি কর্তৃক তাকে সম্পূর্ণ অন্যায় ও বে-আইনীভাবে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে তৎকর্তৃক ০১/১২/২০২০খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে।

২। উক্ত সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত গত ১০/১১/২০১৬ খ্রি. তারিখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ইআবি) বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় (অর্থাৎ সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করায়) জনাব মো: মাকছুদুর রহমান জামেলী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৬৮৫/২০১৭ মামলা দায়ের করা হয়।

৩। মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৬৮৫/২০১৭ মামলার ২৯/০১/২০১৭খ্রি. তারিখের রায়/আদেশ নিম্নরূপ-

"Accordingly, we direct the respondent no. 2 to dispose of the representation of the petitioner dated 10.11.2016 (Annexure-C to the Writ Petition) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order. With this direction the Writ Petition is summarily disposed of.

৪। মহামান্য আদালতের উক্ত নির্দেশনা অনুযায়ী **"অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হলো; এবং অধ্যক্ষের সাময়িক বরখাস্ত বিধি মোতাবেক না হওয়ায় তা বাতিল করা হলো;** মর্মে ইআবি কর্তৃক ২৮/০৩/২০১৭খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমুলে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)-কে পত্র দেয়া হয়।

৫। ইআবি'র উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী গত ২৯/০৩/২০১৭ খ্রি. তারিখ থেকে জনাব মো: মাকছুদুর রহমান জামেলী অধ্যক্ষ হিসেবে মাদ্রাসা'র সকল দায়িত্ব পালন করতে থাকেন। এমতাবস্থায় তৎকালীন ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবীদার জনাব আবু ছালেহ মোহাম্মদ জাকারিয়া (যিনি ১০ নং জুনিয়র প্রভাষক মর্মে এমপিও শীটে দেখা যায়) কর্তৃক ইআবি'র ২৮/০৩/২০১৭খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকের পত্রটি চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৩৫২/২০১৭ মামলা দায়ের করা হয়।

৬। মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৭৩৫২/২০১৭ মামলায় গত ৩০/০৫/২০১৭ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

"Pending hearing of the Rule, let operation of the impugned Letter issued vide Memo no ইআবি/রেজি/প্রশা/ফা.গ.স/ল-০১২১/২০১৬/২৭৬৭ dated 28.03.2017 under the signature of the respondent No. 5 (Annexure-K) which is also cmbodied in paragraph No 12 be stayed for a period of 3 (three) months from date.

৭। রিট পিটিশন নং-৭৩৫২/২০১৭ মামলার উক্ত অন্তবর্তীকালীন আদেশের বিরুদ্ধে জনাব মো: মাকছুদুর রহমান জামেলী কর্তৃক সিপিএলএ নং-২২৬৪/২০১৭ মামলা দায়ের করা হয়। সিপিএলএ নং-২২৬৪/২০১৭ মামলার ১৩/৬/২০১৭খ্রি. তারিখের আদেশে রিট পিটিশন নং-৭৩৫২/২০১৭ মামলার ৩০/০৫/২০১৭ খ্রি. তারিখের অন্তবর্তীকালীন আদেশটি Stay grant করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানে জনাব মো: মাকছুদুর রহমান জামেলী এর পরিবর্তে অন্য কেহ অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করার আইনগত সুযোগ থাকে না।

৮। অত:পর সাময়িক বরখাস্তকৃত ১০ নং জুনিয়র আরবী প্রভাষক আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া ইআবি কর্তৃক ০১/১১/২০১৭ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে ইস্যুকৃত পত্রের ২ ও ৩ নং অনুচ্ছেদের নির্দেশ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৭.৪ নং অনুচ্ছেদের আদেশ লংঘন করে অবৈধ, বেআইনী ও দুর্নীতি এবং পেশাগত অসদাচরণ করার বিষয়ে তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: মাকছুদুর রহমান জামেলী কর্তৃক ভিসি, ইআবি বরাবর গত ০৭/২/১৯ খ্রি. তারিখে আবেদন করা হয়।

চলমান পাতা নং-০২

৯। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় (ভিসি, ইআবি কর্তৃক তদন্তকরত: ব্যবস্থা গ্রহণ না করায়) জনাব মো: মাকছুদুর রহমান জামেলী কর্তৃক পুনরায় মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১০২১/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত রিট পিটিশন নং- ১০২১/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৫/০৪/২০১৯ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ এর শেষাংশ নিম্নরুপ-

"Accordingly, we direct the respondent no. 4 to dispose of the representation of the petitioner dated 07.02.2019 (Annexure-I to the Supplementary Affidavit) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order. With this direction the Writ Petition is summarily disposed of without any order as to cost.

১০। রিট পিটিশন নং-১০২১/২০১৯ মামলার উক্ত রায়/আদেশ এর প্রেক্ষিতে ইআবি'র মামলার রায় বাস্তবায়ন কমিটি কর্তৃক উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক **"উচ্চ কিংবা নিম্ন আদালতের ভিন্ন কোন আদেশ না থাকা সাপেক্ষে মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-কে তার দায়িত্ব বুঝিয়ে দিয়ে তার মাধ্যমে গভর্ণিং বডি অনুমোদনের প্রস্তাব পুনরায় প্রেরণ করার জন্য সুপারিশ করা হয়"**। উক্ত সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়ে ইআবি হতে গত ৩১/১০/২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমুলে তর্কিত প্রতিষ্ঠানের সভাপতি-কে পত্র প্রেরণ করা হয়।

১১। তথাপি প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক ইআবি'র উক্ত নির্দেশনা অমান্য করে **অধ্যক্ষ জনাব মো: মাকছুদুর রহমান জামেলী**-কে অধ্যক্ষ-এর দায়িত্ব না দিয়ে এবং উপাধ্যক্ষ থাকার পরেও এবার ১০ নং জুনিয়র প্রভাষক এর স্থলে ৩ নম্বর জুনিয়র শিক্ষক (প্রভাষক-ই, ইতিহাস) ও গভর্ণিং বডির শিক্ষক প্রতিনিধি সদস্য জনাব এ.কে.এম শাহীন আখতার-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর দায়িত্ব প্রদান করা হয় মর্মে আবেদনের বর্ণনা হতে স্পষ্ট হয়।

১২। উক্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক প্রতিষ্ঠানের গভর্ণিং বডি গঠনের জন্য ০৭/০১/২০২০ খ্রি. তারিখে ভিসি, ইআবি বরারব আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে ০৪ (চার) টি শর্ত দিয়ে ইআবি কর্তৃক ২৪/০২/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমুলে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্ণিং বডির অনুমোদন দিয়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)-কে পত্র দেয়া হয়। উক্ত গভর্ণিং বডির অনুমতি পত্রের (ক) নং শর্ত ছিল **" অনুমোদিত গভর্ণিং বডির ১ম সভায় বিধি মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে। অন্যথায় গভর্ণিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী এর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে"**।

১৩। ইআবি'র উক্ত নির্দেশনার পরেও অধ্যক্ষের দায়িত্ব বুঝিয়ে না দিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ (৩ নং জুনিয়র শিক্ষক) কর্তৃক করোনকালীন দূর্যোগময় মুহর্তে এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০১৭ তারিখের সূত্রোক্ত (৫) নং পত্রের নির্দেশনা অমান্য করে বে-আইনী ও অমানবিক ভাবে ফেব্রুয়ারী/২০২০ মাস হতে অধ্যক্ষ, জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-এর বেতন বন্ধ রাখেন মর্মে আবেদনে উল্লেখ রয়েছে।

১৪। উপরোক্ত বিষয়াদি উল্লেখ করে আবেদনকারী কর্তৃক ১২/০৮/২০২০ খ্রি. তারিখে পুনরায় ভিসি, ইআবি বরাবর সূত্রোক্ত (৬) নং আবেদন দাখিল করা হয়। কিন্তু উক্ত আবেদনের আলোকে কোন প্রতিকার না পেয়ে জনাব মো: মাকছুদুর রহমান জামেলী কর্তৃক পুনরায় (তৃতীয় বার) মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলা দায়ের করা হয়।

১৫। রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক কোন রুল ইস্যু না করে গত ১৬/১১/২০২০ খ্রি. তারিখে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়-

"Accordingly, the application is disposed of with the following direction. Thus, the respondent no. 4 is directed to dispose of the application dated 12.08.2020 (Annexure-H) to the writ petition submitted before him by the petitioner within reasonable time from the date of receipt of this order.

**However, let us make it clear the respondent No. 4 will be at liberty to take decision on the said application in any manner in accordance with law.** অর্থাৎ পিটিশনার এর ১২/০৮/২০২০ খ্রি. তারিখের আবেদন এর প্রেক্ষিতে বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে রেসপনডেন্ট নং-০৪ (ভিসি, ইআবি)-কে স্বাধীন মর্মে আদালত কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

১৬। বর্ণিত প্রেক্ষাপটে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল নং-২২৬৪/২০১৭ এর ১৩/০৯/২০২০ খ্রি. তারিখ এর Stay Order এবং মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলার ১৬/১১/২০২০ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়নের জন্য পিটিশনার কর্তৃক বিবেচ্য আবেদন করা হয়েছে।

১৭। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে-

(i) রিট পিটিশন নং-৬৮৫/২০১৭ মামলার ২৯/০১/২০১৭খ্রি. তারিখের রায় অনুযায়ী ইআবি কর্তৃক ২৮/০৩/২০১৭খ্রি. তারিখে ২৭৬৭ নং স্মারকমুলের নিস্পত্তিটি পিটিশনারের অনুকূলবর্তী (অধ্যক্ষের সাময়িক বরখাস্ত অনুমোদিত নয়), রিট পিটিশন নং-১০২১/২০১৯ মামলার ১৫/০৪/২০১৯ খ্রি. তারিখের রায়/আদেশমূলে ইআবি কর্তৃক গত ৩১/১০/২০১৯ তারিখে ১০০৮৩ নং স্মারকের নির্দেশনা (**অধ্যক্ষ জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-কে তার দায়িত্ব বুঝিয়ে দিয়ে তার মাধ্যমে গভর্ণিং বডি অনুমোদনের প্রস্তাব পুনরায় প্রেরণ করার নির্দেশনা**), সত্ত্বেও ইআবি কর্তৃক ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদনের আলোকে ২৪/০২/২০২০ খ্রি. তারিখে ২০৯ সংখ্যক স্মারকমুলে প্রদত্ত গভর্ণিং বডি অনুমোদন দেয়া হয়।

(ii) উক্ত অনুমোদনের (ক) এর নির্দেশনা **"অনুমোদিত গভর্নিং বডির ১ম সভায় বিধি মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে। অন্যথায় গভর্ণিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী এর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে"** মর্মে ছিল। উল্লিখিত সবগুলো রায়/সিদ্ধান্ত আবেদনকারী অধ্যক্ষ **জনাব মো: মাকছুদুর রহমান জামেলী** এর অনুকূলে তথাপি তাকেঁ গভর্ণিং বডি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক অধ্যক্ষের দায়িত্ব না দিয়ে অমানবিকভাবে ফেব্রুয়ারী/২০২০ মাস হতে এমপিও বন্ধ করা হয়েছে।

(iii) তাছাড়া ইআবি কর্তৃক ২৪/০২/২০২০ খ্রি. তারিখে ২০৯ সংখ্যক স্মারকমুলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ বরারব উক্ত প্রতিষ্ঠানের গভর্ণিং বডি অনুমোদন দেয়া হয়। যা ছিল ইআবি এর স্ববিরোধী সিদ্ধান্ত **কারণ ইআবি'র ৩১/১০/২০১৯ খ্রি. তারিখের দেয়া নির্দেশনা ছিল-"অধ্যক্ষ জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-কে তার দায়িত্ব বুঝিয়ে দিয়ে তার মাধ্যমে গভর্ণিং বডি অনুমোদনের প্রস্তাব পুনরায় প্রেরণ করা"** তথাপি ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক ০৭/০১/২০২০ খ্রি. তারিখে প্রেরিত আবেদনের ওপর গভর্ণিং বডি অনুমোদন দেয়া হয়। যা সঠিক হয়নি।

2

চলমান পাতা নং-০৩

(iv) আবেদনকারীর অনুকূলে একাধিকবার মহামান্য হাইকোর্ট এবং আপিল বিভাগ হতে রায়/আদেশ ঘোষিত হয়েছে এবং সে আলোকে ইআবি কর্তৃক পিটিশনার তথা অধ্যক্ষ, **জনাব মো: মাকছুদুর রহমান জামেলী**-এর অনুকূলে নির্দেশনা জারী করা হয়েছে। ইআবি কর্তৃক ৩১/১০/২০১৯ খ্রি. তারিখে ১০০৮৩ নং স্মারকমূলে দেয়া নির্দেশনা অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক বিপরীতমুখী কাজ করায় (অধ্যক্ষ-কে দায়িত্ব না দিয়ে পুনরায় ১০ নং এর স্থলে ৩ নং জুনিয়র শিক্ষক-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দেয়া) এবং তৎপ্রেক্ষিতে পিটিশনার কর্তৃক ১২/৮/২০২০ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনের উপর ইআবি কর্তৃক কমিটির সভাপতির বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করায় বিষয়টি জটিল হয়েছে।

১৮। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-

(ক) ইআবি কর্তৃক ২৪/০২/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকে অনুমোদন দেয়া শর্তাবলীর (ক) নং শর্ত ছিল "**অনুমোদিত গভর্নিং বডির ১ম সভায় বিধি মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে। অন্যথায় গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী এর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে**" কিন্তু প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক ব্যবস্থা গ্রহণ না করে বরং উল্টাভাবে ফেব্রুয়ারী/২০২০ মাস হতে অধ্যক্ষ, **জনাব মো: মাকছুদুর রহমান জামেলী**-এর বেতন (এমপিও) বন্ধ রাখা হয়েছে। যা ইআবি'র একাধিক স্মারকসহ **শিক্ষা মন্ত্রণালয়ের ০৩টি স্মারক যথাক্রমে- ০৬/৮/২০১৭ তারিখের সূত্রোক্ত (৫) তথা রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার (বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ৬০ দিনে বেশী সাময়িক বরখাস্ত না রাখার বিষয়ে প্রদত্ত) রায়/আদেশ এবং প্রতিষ্ঠান প্রধান হিসেবে দায়িত্ব পালন সংক্রান্ত ০৬/০৬/১১ তারিখের সূত্রোক্ত (৭) এবং ০৯/০৭/১২খ্রি. তারিখের সূত্রোক্ত (৮) নং পত্রের নির্দেশনার** পরিপন্থী ও বেআইনী বিধায় ইআবি কর্তৃক ২৪/০২/২০২০ খ্রি. তারিখে সূত্রাক্ত (৪) নং স্মারকে প্রদত্ত (ক) শর্তানুযায়ী উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী এর মনোনয়ন বাতিল / গভর্নিং বডি বাতিল করা;

(খ) রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ১৬/১১/২০২০ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এর হালনাগাদ তথ্যাদি (প্রমাণকসহ) টিএমইডিকে অবহিত করা;

(গ) সরকারি বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ (৩ নং জুনিয়র শিক্ষক, প্রভাষক- ই. ইতিহাস) জনাব এ.কে.এম শাহীন আখতার কর্তৃক শাস্তিযোগ্য অপরাধ করা হয়েছে বিধায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর বিরুদ্ধে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ (২৩/১১/২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (খ) ও (গ) অনুচ্ছেদ অনুযায়ী কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা সে মর্মে ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব এ.কে.এম শাহীন আখতার)-এর বিরুদ্ধে কারণ দর্শানোসহ ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) উল্লিখিত বিষয়াদি বিবেচনাকরত এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপিল নং-২২৬৪/২০১৭ মামলার ১৩/০৯/২০২০ খ্রি. তারিখের আদেশ ও মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং-৭২৬১/২০২০ মামলায় ১৬/১১/২০২০ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব এ.কে.এম শাহীন আখতার) কর্তৃক জনাব মো: মাকছুদুর রহমান জামেলী-এর নিকট রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমদীয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা'র অধ্যক্ষ পদের দায়িত্ব হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা এবং ফেব্রুয়ারী/২০২০ মাস হতে (অধ্যক্ষের) বন্ধকৃত এমপিও (বকেয়াসহ) চালু করার জন্য অধ্যক্ষ-কে নির্দেশনা প্রদান করা;

১৯। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১৮ -তে প্রদত্ত নির্দেশনার (ক) ও (খ) অনুযায়ী রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক এবং (গ) ও (ঘ) অনুযায়ী ডিজি, ডিএমই কর্তৃক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতক্রমে তথ্য (প্রমাণকসহ) আগামি ১৬/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

০৬/০১/২০২১
(মো: আ[illegible] খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

বিতরণ: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০ {**অনুচ্ছেদ নং-১৮ এর (খ) ও (গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**} ।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ১২৪/২২, ব্লক-এ, রোড নং-৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, ঢাকা {**অনুচ্ছেদ নং-১৮ এর (ক) ও (খ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**}।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অধ্যক্ষ, ভাংনী আহমদীয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, ডাকঘর- বেগম রোকেয়া স্মৃতি, উপজেলা-মিঠাপুকুর, জেলা- রংপুর।
৬। অফিস কপি/মাষ্টার কপি।